

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.২৫.০৫৩.১৫.

তারিখ : ০৩ বৈশাখ, ১৪২৩
১৬ এপ্রিল, ২০১৭

প্রাপক,

চেয়ারম্যান
পেট্রোবাংলা, ঢাকা।

বিষয় : ভারত সফরের অনুমতি।

মহোদয়,

MAN Industriels (India) Ltd. India এর সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ভারতে অনুষ্ঠিতব্য "Line pipe Manufacturing and Coating" শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য পেট্রোবাংলা'র আওতাধীন গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)-এর নিম্নবর্ণিত ০২ (দুই) জন কর্মকর্তাকে প্রকৃত যাত্রার তারিখ হতে ১০ (দশ) দিন (যাতায়াত সময় ব্যতীত) ভারত সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো:-

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবি	কোম্পানি
১।	জনাব মোঃ তরিকুল ইসলাম, উপ-ব্যবস্থাপক	গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড
২।	জনাব মোহাম্মদ আনোয়ারুল ইসলাম, সহকারী প্রকৌশলী	গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড

২। এ সফরের শর্তাবলী নিম্নরূপ :-

- তাদের যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- বর্ণিত সফরকালীন তাঁদের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- আলোচ্য প্রশিক্ষণ অংশগ্রহণের যাবতীয় ব্যয়ভার ঠিকাদার প্রতিষ্ঠান MAN Industriels (India) Ltd. India কর্তৃক নির্বাহ করা হবে। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না; এবং
- সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এতদ্বিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

আপনার বিশ্বস্ত,



(মোঃ শহিদুল ইসলাম)

উপ-সচিব


ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.০৫৩.১৫. ৭০৫

তারিখ : ০৩ বৈশাখ, ১৪২৩
১৬ এপ্রিল, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশস্থ ভারত হাইকমিশন, ঢাকা।
- ৪। ভারতস্থ বাংলাদেশ হাইকমিশন।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড।
- ৭। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৮। জনাব তরিকুল ইসলাম, উপ-ব্যবস্থাপক, জিটিসিএল।
- ৯। জনাব মোহাম্মদ আনোয়ারুল ইসলাম, সহকারী প্রকৌশলী, জিটিসিএল।
- ১০। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১১। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১২। অফিস কপি।


(মোঃ শহিদুল ইসলাম)
উপ-সচিব